সরকারী অনুমোদন প্রাপ্ত

সরকারী অফিস-আদালত, বে-সরকারী
শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যাংকের

# ছুটি বিধি

বিচারপতি ছিদ্দিকুর রহমান মিয়া

নিউ ওয়ার্সী বুক কর্পোরেশন

## বিষয়ানুক্রমিক সূচী


| | |
|---|---|
| প্রথম খণ্ড ঃ | সরকারী কর্মচারী ছুটি বিধিমালা। |
| দ্বিতীয় খণ্ড ঃ | আদালতের ছুটি বিধি। |
| তৃতীয় খণ্ড ঃ | বেসরকারী স্কুল, ইন্টারমিডিয়েট কলেজ, ডিগ্রী কলেজ ও মাদ্রাসা শিক্ষকগণের ছুটি বিধি ও শিক্ষাপঞ্জী। |
| চতুর্থ খন্ড ঃ | বাংলাদেশ ব্যাংক ও অধিনস্ত তফসিল ব্যাংকসমূহের ছুটি বিধি। |

# সূচীপত্র

## প্রথম খণ্ড

## সরকারী কর্মচারীদের ছুটি বিধিমালা

### প্রথম অধ্যায়

### নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রারম্ভ ও প্রয়োগ | ১৫ |
| ২। অপশন–প্রয়োগ নাই। | ১৬ |
| ৩। (১) স্থায়ী সরকারী কর্মচারীর ছুটি | ১৬ |
| (২) অস্থায়ী সরকারী কর্মচারীর ছুটি | ১৭ |
| ৪। বর্তমানে প্রাপ্য ছুটিতে ভবিষ্যৎ অগ্রায়ন (ক্যারি ফরওয়ার্ড) | ১৯ |
| ৫। যে ছুটি পাওনা নাই | ১৯ |
| ৬। ছুটির বেতন | ২০ |
| ৭। সর্বোচ্চ এক সংগে কি পরিমাণ ছুটি প্রদানযোগ্য | ২১ |
| ৮। অবকাশ বিভাগের সরকারী কর্মচারীর ছুটি | ২১ |
| ৯। অন্যান্য শর্তাবলী | ২২ |
| ১০। প্রয়োগ নাই | ২৩ |
| ১১। অন্য যে কোন প্রকার ছুটি | ২৪ |
| ১২। প্রযোজ্যতা | ২৪ |


### দ্বিতীয় অধ্যায়

### ছুটির সংজ্ঞা, শ্রেণী বিভাগ ও ছুটির বর্ণনা


| | |
|---|---|
| ১। ছুটির সংজ্ঞা | ২৫ |
| ২। ছুটির প্রকার ভেদ | ২৫ |
| (১) অর্জিত ছুটি | ২৬ |
| (ক) পূর্ণ বেতনে ছুটি | ২৬ |
| (খ) অর্ধ বেতনে ছুটি | ২৬ |
| (গ) বৈদেশিক চাকুরীতে নিয়োজিতকালের অর্জিত ছুটি | ২৬ |
| (ঘ) অক্ষতা কিংবা ক্ষতিপূরণ পেনশন ও চাকুরীতে পুনর্বহাল এবং অর্জিত ছুটি | ২৬ |
| (ঙ) অস্থায়ী সরকারী কর্মচারীবৃন্দের পূর্ন এবং অর্ধগড় বেতনে অর্জিত ছুটি | ২৭ |
| (চ) ছুটির অপ্রাপ্যতা এবং অর্ধ বেতনে ছুটি | ২৭ |
| (ছ) ছুটিকালীন বেতন | ২৭ |
| (জ) অবকাশ বিভাগীয় কর্মচারীগণের অর্জিত ছুটি | ২৮ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| (২) নৈমিত্তিক ছুটি | ২৮ |
| ৩। অসাধারণ ছুটি | ৩১ |
| ৪। সরকারী ছুটি | ৩২ |
| (ক) সাধারণ সরকারী ছুটি | ৩২ |
| (খ) নির্বাহী আদেশের ছুটি | ৩২ |
| (গ) ঐচ্ছিক ছুটি | ৩২ |
| ৫। বিশেষ ছুটি | ৩৩ |
| (১) বিশেষ অসমর্থন ছুটি | ৩৩ |
| (২) প্রসূতি ছুটি বা মাতৃত্বজনিত ছুটি | ৩৪ |
| (৩) চিকিৎসালয় বা হাসপাতাল ছুটি | ৩৪ |
| (৪) অধ্যয়ন ছুটি | ৩৫ |
| (৫) বিশেষ অসুস্থ্যতাজনিত বা নাবিকদের অসুস্থ্যতা ছুটি | ৩৬ |
| ৬। বিভাগীয় ছুটি | ৩৭ |
| ৭। সংগ নিরোধ ছুটি | ৩৮ |
| ৮। অন্যান্য ছুটি | ৩৮ |
| ৩। ছুটির বর্ণনা | ৩৮ |
| (১) অবকাশ বিভাগের ছুটি | ৩৮ |
| (২) অপ্রাপ্য ছুটি | ৪০ |
| (৩) অবসর গ্রহণ প্রস্তুতি ছুটি | ৪০ |
| (৪) বাধ্যতামূলক ছুটি | ৪১ |
| (৫) বিনা বেতনে ছুটি | ৪১ |
| (৬) চিত্তবিনোদন ছুটি | ৪২ |
| (৭) কনটিনজেন্ট ষ্টাফদের জন্য ছুটি | ৪৪ |
| (৮) সাময়িক বরখাস্ত ছুটি | ৪৪ |
| (৯) দৈনিক ভিত্তিক নিয়োগ প্রাপ্তদের ছুটি | ৪৫ |
| (১০) জরীপ বিভাগীয় ছুটি | ৪৫ |
| (১১) বিনা বেতনে ছুটি | ৪৬ |
| (১২) অগ্রিম ছুটি | ৪৬ |


## তৃতীয় অধ্যায়

## ছুটি সম্পর্কে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় ও তদসম্পর্কে বিধি।


| | |
| --- | --- |
| ১। কর্মকাল | ৪৭ |
| ২। ছুটির পদ্ধতি | ৪৮ |
| (ক) সাধারণ | ৪৮ |
| (খ) মেডিকেল সার্টিফিকেট | ৪৯ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|


(গ) ছুটি মঞ্জুর ............ ৫০
(ঘ) চাকুরীর রেকর্ড ............ ৫২
৩। ছুটি মঞ্জুরের ক্ষমতা ............ ৫৫
৪। ছুটি অর্জনের বিধান ............ ৫৫
৫। ছুটি সম্পর্কে গুরুত্বপূর্ণ বিধান ............ ৫৭
(১) ছুটি অবস্থায় অন্যত্র চাকুরী গ্রহণ ও ইহার বৈধতা ............ ৫৭
(২) পাঁচ বছর এক নাগাড়ে ছুটি নিয়া অনুপস্থিত ............ ৫৭
(৩) সাত দিনের নৈমিত্তিক ছুটি ............ ৫৭
(৪) মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত ............ ৫৭
(৫) ছুটি শেষ অন্তে কার্যে অনুপস্থিত ............ ৫৭
(৬) ছুটি হইতে ফেরৎ আনা ............ ৫৭
(৭) বিদেশে যাইবার নিমিত্তে ছুটির অনুমতি ............ ৫৮
(৮) স্বাস্থ্যগত কারণে ছুটি ও কাজে যোগদান ............ ৫৮
(৯) গেজেটেড সরকারী কর্মচারীর ছুটি মঞ্জুরের কর্তৃপক্ষ ............ ৫৮
(১০) আবেদনকারীর ছুটির প্রকার কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তন ............ ৫৮
(১১) ছুটি অধিকার হিসাবে দাবী করা যায় না ............ ............
(১২) চাকুরী হইতে বরখাস্ত পুনর্বহাল এবং ছুটির গণনা ............ ৫৮
(১৩) পাওনা ছুটি ও অবসর গ্রহণ ............ ৫৮
(১৪) পূর্ণগড় বেতনে ছুটি পাওনা থাকিলে অর্ধগড় বেতনে ছুটি লওয়া প্রসঙ্গ ৫৯
(১৫) মঞ্জুরকৃত ছুটির অধিক ছুটি ভোগ করণ ............ ৫৯
(১৬) এককালীন সর্বোচ্চ ছুটি ............ ৫৯
(১৭) অপ্রাপ্য ছুটির শেষ সীমা ............ ৫৯
(১৮) অস্থায়ী সরকারী কর্মচারীবৃন্দের ছুটির গণনা ............ ৫৯
(১৯) মেডিকেল বোর্ড হইতে সম্পূর্ণ অক্ষম ঘোষণা ও ছুটি ............ ৬০
(২০) সরকারী ছুটি অর্জিত ছুটির সহিত সংযুক্ত করণ ............ ৬০
(২১) কোন কোন ক্ষেত্রে ছুটি মঞ্জুরকরণ বিধি সম্মত নয় ............ ৬০
(২২) ছুটিতে থাকা অবস্থায় বাণিজ্যিক প্রতিষ্ঠানে চাকুরী গ্রহণ ............ ৬০
(২৩) ছুটি হইতে ফেরৎ ডাকিয়া পাঠানো ও সরকারী কর্মচারীগণের সুবিধাদি ৬১
(২৪) সামরিক অফিসার বেসামরিক বিভাগে বদলি হইলে তাহার ছুটি গণনা ৬১
(২৫) সরকারী কর্মচারীকে চাকুরী হইতে বরখাস্ত পূণর্বহাল এবং তাহার ছুটি গণনা ............ ৬১
(২৬) অসুস্থতা হেতু ছুটি এবং যোগদানের নিমিত্তে সুস্থতার প্রতিবেদন..... ৬১
(২৭) ভূতাপেক্ষ ছুটি ............ ৬১
(২৮) ছুটিকালীন বেতন ............ ৬১
(২৯) গড় বেতনের ছুটির খতিয়ান ............ ৬১
(৩০) ছুটির দিন ............ ৬১

## অষ্টম অধ্যায়
## ফরমসমূহ


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ১। নন-গেজেটেড কর্মচারীগণের অর্জিত ছুটির দরখাস্তের ফরম ........... | ১৬১ |
| ২। গেজেটেড কর্মচারীগণের অর্জিত ছুটির দরখাস্তের ফরম ........... | ১৬২ |


## দ্বিতীয় খণ্ড
## আদালতের ছুটি বিধি
## সুপ্রীম কোর্ট


১। আপীল বিভাগ ............ ............ ১৬৩

২। হাই কোর্ট বিভাগ ............ ............ ১৬৪


## তৃতীয় খণ্ড
## বেসরকারী স্কুল ইন্টারমিডিয়েট কলেজ, ডিগ্রী কলেজ ও মাদ্রাসার শিক্ষকগণের ছুটি বিধি ও শিক্ষাপঞ্জী


১। বেসরকারী স্কুল শিক্ষকদের ছুটি বিধি ............ ............ ১৬৯

(১) সাধারণ আলোচনা ............ ............ ১৬৯

(২) নৈমিত্তিক কিংবা অর্জিত ছুটি ............ ............ ১৬৯

(৩) চিকিৎসা ছুটি ............ ............ ১৬৯

(৪) ম্যাটারনিটি ছুটি ............ ............ ১৬৯

(৫) এক্সট্রা অর্ডিনারী ছুটি ............ ............ ১৭০

(৬) শিক্ষা ছুটি ............ ............ ১৭০

২। বেসরকারী ইন্টারমিডিয়েট কলেজ ,শিক্ষককের ছুটি বিধি ১৭০

(১) ছুটি ............ ............ ১৭০

(২) নৈমিত্তিক ছুটি ............ ............ ১৭০

(৩) অর্জিত ছুটি ............ ............ ১৭১

(৪) চিকিৎসা ছুটি ............ ............ ১৭১

(৫) মাতৃত্বজনিত ছুটি ............ ............ ১৭১

(৬) অসাধারণ ছুটি ............ ............ ১৭১

(৭) কর্তব্যকালীন ছুটি ............ ............ ১৭১

(৮) শিক্ষা ছুটি ............ ............ ১৭২

(৯) ছুটি অধিকার হিসাবে দাবী করা যাবে না ............ ............ ১৭২

৩। বেসরকারী ডিগ্রী কলেজ শিক্ষকদের ছুটি বিধি-১৯৯৪ ............ ১৭২

(১) ছুটির অধিকার নয় ............ ............ ১৭২

(২) দীর্ঘ অবকাশ ............ ............ ১৭২

(৩) ছুটি লাভের ন্যূনতম চাকুরী ............ ............ ১৭২

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| | (৪) নৈমিত্তিক ছুটি ............ ............ | ১৭৩ |
| | (৫) অর্জিত ছুটি ............ ............ | ১৭৩ |
| | (৬) ছুটির হিসাব ............ ............ | ১৮৩ |
| | (৭) প্রসবকালীন ছুটি ............ ............ | ১৭৩ |
| | (৮) শিক্ষা ছুটি ............ ............ | ১৭৩ |
| | (৯) কর্তব্য ছুটি ............ ............ | ১৭৪ |
| ৪। | বেসরকারী মাদ্রাসার শিক্ষকদের ছুটি বিধি-১৯৭৯............ ............ | ১৭৫ |
| | (১) ছুটি ............ ............ | ১৭৫ |
| | (২) নৈমিত্তিক ছুটি ............ ............ | ১৭৫ |
| | (৩) অর্জিত ছুটি ............ ............ | ১৭৫ |
| | (৪) মেডিকেল ছুটি ............ ............ | ১৭৫ |
| | (৫) মেটারনিটি ছুটি ............ ............ | ১৭৫ |
| | (৬) অসাধারণ ছুটি ............ ............ | ১৭৬ |
| | (৭) কর্তব্য ছুটি ............ ............ | ১৭৬ |
| | (৮) অধ্যায়ন ছুটি ............ ............ | ১৭৬ |
| | (৯) ছুটির অধিকার ............ ............ | ১৭৬ |
| ৫। | জাতীয় বিশ্ববিদ্যালয়াধীন বেসরকারী ডিগ্রী অনার্স ও মাষ্টার্স ডিগ্রী কলেজসমূহের ছুটির তালিকা ............ ............ | ১৭৭ |
| ৬। | বেসরকারী উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী কলেজসমূহের শিক্ষাপঞ্জী ............ | ১৭৭ |

## চতুর্থ খন্ড
## বাংলাদেশ ব্যাংক ও অধিনস্ত
## তফছিল ব্যাংক সমূহের ছুটি বিধি

| | |
|---|---|
| ১। রেগুলেশন ৩১ ঃ ছুটি ............ ............ | ১৮৯ |
| ২। রেগুলেশন ৩২ ঃ সাধারণ ছুটি ............ ............ | ১৮০ |
| ৩। রেগুলেশন ৩৩ ঃ অক্ষমতা জনিত বিশেষ ছুটি ............ ............ | ১৮৩ |
| ৪। রেগুলেশন ৩৪ ঃ অধ্যয়ন ছুটি ............ ............ | ১৮৫ |
| ৫। রেগুলেশন ৩৫ সংগ নিরোধ ছুটি ............ ............ | ১৮৬ |
| ৬। রেগুলেশন ৩৬ ঃ মাতৃত্ব জনিত ছুটি ............ ............ | ১৮৭ |
| ৭। রেগুলেশন ৩৭ ঃ নৈমিত্তিক ছুটি ............ ............ | ১৮৭ |
| ৮। রেগুলেশন ৩৮ ঃ ছুটি বিধি ............ ............ | ১৮৯ |
| ৯। রেগুলেশন ৩৯ ঃ ছুটি মঞ্জুরের ক্ষেত্রে বিবেচনা ............ ............ | ১৯১ |
| ১০। রেগুলেশন ৪০ ঃ কখন ছুটি অস্বীকার করা যায় না ............ ............ | ১৯১ |
| ১১। রেগুলেশন ৪১ ঃ চাকুরী থেকে বহিষ্কারের ক্ষেত্রে ছুটি............ ............ | ১৯২ |
| জাতীয় বেতন স্কেল ২০১৫ দফা (৫) অনুযায়ী ১ জুলাই ২০১৫ তারিখে যেসকল কর্মচারী অবসরে উক্ত ছুটিতে রহিয়াছেন ............ | ১৯৪ |
| ছুটির নগদায়ন............ | ১৯৫ |

# প্রথম খণ্ড

# সরকারী কর্মচারীদের ছুটি বিধিমালা

## প্রথম অধ্যায়

## নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯
## (সর্বশেষ সংশোধনী সমূহ সহ)

*[নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ তদানিন্তন সরকারের ফাইন্যান্স (অডিট) ডিপার্টমেন্টের লিভ এন্ড এলাউন্স সেকশনের নোটিফিকেশন নং ( এফ, এ) ৩১/৯৬/৫৯/২১২ তারিখ ঃ ২রা অক্টোবর, ১৯৫৯-এর মাধ্যমে জারী করা হয়। পরবর্তী পর্যায়ে এই বিধিমালায় বিভিন্ন সংশোধনী আনা হইয়াছে। সংশোধনীসমূহ পরিশিষ্টাংশে দ্রষ্টব্য]*

### ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রারম্ভ ও প্রয়োগ–

(১) এই বিধিমালা নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ (Prescribed leave Rules 1959) নামে অভিহিত হইবে।

(২) ইহা তাৎক্ষণিকভাবে বলবৎ হইবে এবং ইহা ১৯৫৯ সালের ১ লা জুলাই হইতে কার্যকরী হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) ইহা সকল সরকারী কর্মচারীদের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।
(অন্যান্য অংশ প্রযোজ্য নহে)

### বিশ্লেষণ

পাকিস্তান সরকারের আমলে কেন্দ্রীয় সরকারের অধীনে নিয়োজিত থাকার কারণে যাহাদের উপর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৫ প্রযোজ্য ছিল এবং উহাদের মধ্যে যাহারা এখনো নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৫-এর অধীনেই রহিয়াছে, তাঁহারা ব্যতীত অন্য সকল সরকারী কর্মচারীদের ক্ষেত্রেই এই বিধিমালা প্রযোজ্য। উল্লেখ্য যে, নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৫ ও ১৯৫৯-এর মধ্যে বর্তমানে তেমন কোন মৌলিক পার্থক্য নাই। ছুটির হার এবং ছুটি গ্রহণের পদ্ধতি উভয় বিধিমালায় একই। শুধুমাত্র অস্থায়ী কর্মচারীদের ছুটি প্রদানের বিষয়ে সামান্য ব্যতিক্রম রহিয়াছে। বর্তমানে কেন্দ্রীয় সরকার ও প্রাদেশিক সরকারের ধারণা না থাকার কারণে বাংলাদেশ সরকারের অধীনে নিয়োজিত এবং বি. এস. আর ভুক্ত সকল কর্মচারীগণই নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯-এর আওতাভুক্ত।

প্রসঙ্গত ঃ উল্লেখ্য যে, সরকার স্মারক নং MF/BWI-IE-65(62) 71/2 Dated 24th December 1971 and MF/R-II/L-18/7-220 Dated 8th August, 1974-এর মাধ্যমে জানাইয়াছেন যে, কেন্দ্রীয় ও প্রাদেশিক কর্মচারীগণ স্ব-স্ব আর্থিক ও চাকুরী বিধি এবং অন্যান্যরা প্রাদেশিক আর্থিক ও চাকুরী বিধি দ্বারা পরিচালিত হইবেন। মুজিবনগরে ও স্বাধীনতার পরে যোগদানকৃত তদানীন্তন কেন্দ্রীয় সংস্থার কোন পদে কেহ যোগদান করিলে কেন্দ্রীয় আর্থিক ও চাকুরী বিধি এবং অন্যান্যরা প্রাদেশিক আর্থিক ও চাকুরী বিধি দ্বারা পরিচালিত হইবেন। যাহা হউক, যেহেতু ১৯৫৫ ও ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালায় মৌলিক কোন পার্থক্য নাই তাই ইহা সকল শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রেই প্রযোজ্য হইতে বাধা নাই। বর্তমানে এই বিধিমালার আওতায়ই সকল প্রকার (প্রায়) ছুটি সংক্রান্ত কেইস বিবেচিত হয়।

**২। অপশন-প্রয়োগ নাই।**

**৩। (১) স্থায়ী সরকারী কর্মচারীর ছুটি ঃ**

সকল স্থায়ী (পার্মানেন্ট) সরকারী কর্মচারী নিম্নবর্ণিতরূপে পূর্ণ গড় বেতনে ছুটি ভোগ করিতে পারিবেন ঃ

(i) কর্তব্য কর্মে অতিবাহিতকালের $\frac{১}{১১}$ ভাগ হারে পূর্ণ গড় বেতনে ছুটি অর্জিত হইবে এবং সর্বোচ্চ ৪ (চার) মাস পর্যন্ত এই ছুটি সঞ্চিত থাকিবে।

এই চারিমাসের অতিরিক্ত অর্জিত ছুটির হিসাব ছুটি খাতে পৃথকভাবে রাখা হইবে।

**নোট ঃ** প্রেসক্রাইবড় লীভ রুলস এর ইংরেজী ভাষ্য এবং সংশোধনী বই-এর শেষে পরিশিষ্ট আকারে দেওয়া আছে।

এই জমাকৃত ছুটি হইতে চিকিৎসা প্রত্যয়ন পত্র সাপেক্ষে, তীর্থযাত্রা, শিক্ষা অথবা চিত্ত বিনোদন ছুটির জন্য বাংলাদেশ, বার্মা, শ্রীলংকা ও ভারতের বাহিরে ছুটি ভোগকালে পূর্ণ গড় বেতনে ছুটি মঞ্জুর করা যাইবে।

**(ii) পূর্ণ গড় বেতনে ছুটি ঃ** ৪ (চার) মাসের অধিক ছুটি এক সংগে ভোগ করা যাইবে না। তবে চিকিৎসা প্রত্যয়নপত্র সাপেক্ষে অথবা তীর্থ যাত্রার্থে শিক্ষা অথবা চিত্তবিনোদনের জন্য বার্মা, শ্রীলংকা ও ভারতের বাহিরে ছুটির ক্ষেত্রে এই সময় সীমা ৬ (ছয়) মাস পর্যন্ত হইতে পারে।

উদাহরণ ঃ হজ্জব্রত পালনার্থে পান্নু নামক জনৈক সরকারী কর্মচারী ৬ (ছয়) মাসের পূর্ণ গড় বেতনে ছুটির আবেদন করিলে. তিনি এই ছুটি পাইবার উপযুক্ত বিবেচিত হন।

**(iii) অর্ধগড় বেতনে ছুটি ঃ** কর্তব্যকর্ম কালের $\frac{১}{১২}$ ভাগ হারে অর্ধগড় বেতনে ছুটি অর্জিত হইবে এবং এই ছুটি সঞ্চয়ের কোন উর্ধ্বসীমা নাই। চিকিৎসা প্রত্যয়নপত্রের সমর্থনে ছুটির ক্ষেত্রে অর্ধ বেতনের ছুটিকে পূর্ণ বেতনের ছুটিতে পরিবর্তন করা যাইতে পারে। দুইদিন অর্ধগড় বেতন ছুটির পরিবর্তে একদিন পূর্ণ গড় বেতনের ছুটিতে পরিবর্তনের হার হিসাবে গণ্য হইবে। এইরূপ পূর্ণ বেতনের (পরিবর্তিত) ছুটি সর্বোচ্চ ১২ (বার) মাস পাওয়া যাইতে পারে।

**উদাহরণ ঃ** জনাব মজিবুর রহমান চিকিৎসা প্রত্যয়ন পত্র সাপেক্ষে ৬ (ছয়) মাসের ছুটি গ্রহণ করিয়াছেন। তাহার পূর্ণ গড় বেতনে ছুটির খাতে ৩ (তিন) মাস ছুটি জমা আছে। তিনি অর্ধগড় বেতনের ৬ (ছয়) মাস ছুটির পরিবর্তে অতিরিক্ত তিন মাস পূর্ণ গড় বেতনে ছুটি পাইতে পারেন, যদি ৬ (ছয়) মাস অর্ধ গড় বেতনে ছুটি প্রাপ্য থাকে।

**(২) অস্থায়ী সরকারী কর্মচারীর ছুটি ঃ**

(এ) ১৯৫৯ সালের ৩০শে জুন পর্যন্ত যে অস্থায়ী সরকারী কর্মচারী তিন বা ততোধিক বৎসর ক্রমাগত চাকুরী করিয়াছেন তিনি প্রেসক্রাইবড লীভ রুল-১৯৫৯-এর ৫ ধারা ব্যতিত অন্যবিধ ক্ষেত্রে (ছুটির জন্য) স্থায়ী সরকারী কর্মচারী হিসাবে বিবেচিত হইবেন।

(বি) কোন অস্থায়ী সরকারী কর্মচারী যিনি ৩০ শে জুন ১৯৫৯ তারিখে ৩ (তিন) বৎসর চাকুরী কাল পূর্ণ করেন নাই, অথবা যিনি তৎপরে চাকুরীতে যোগদান করিয়াছেন অথবা করিতে পারেন তাহার ক্ষেত্রে ঐ তারিখে প্রযোজ্য ছুটি বিধিমালা প্রযোজ্য হইবে। কিন্তু যে তারিখে তিনি তিন বৎসর চাকুরীকাল পূর্ণ করিবেন অথবা যে তারিখে তিনি সাবষ্টেনটিভ পদে নিয়োগ পাইবেন; যে তারিখ পূর্বে হয়, ঐ তারিখ হইতে বিধি-৫(৫) ব্যতিরেকে তাঁহাকে ছুটির ক্ষেত্রে স্থায়ী সরকারী কর্মচারীরূপে গণ্য করা হইবে। এবং তাহার ছুটির খতিয়ানে তিনি যদি স্থায়ী কর্মচারী হইতেন, সেইভাবে এই বিধি মোতাবেক ১লা জুলাই ১৯৫৯ অথবা তৎপরিবর্তে যে তারিখে তিনি সরকারী চাকুরীতে যোগদান করিয়াছেন সেই তারিখ হইতে ছুটি গণনা হইতে থাকিবে। এই ছুটি হইতে তিনি যে পরিমাণ ছুটি গ্রহণ করিয়াছেন তাহা বাদ পড়িবে।

**ব্যাখ্যা (১) ঃ** অর্থ মন্ত্রণালয়ের রেগুলেশন উইং এর নোটিফিকেশন নং এম এফ/আর- ২ মিস/ ৭৩ (২১২) তারিখ ঃ ২৬/১২/১৯৭৩ ইং এর মাধ্যমে এই বিধিতে গুরুত্বপূর্ণ সংশোধনী আনা হয়। সংশোধনী দ্বারা ৩ নং বিধির (১) উপবিধির সাবহেডিং- " (a) Class IV Government Servants" এবং (i), (ii) এই তিনটি ক্লজ বাতিল করা হয়। ইহা ছাড়া সাব হেডিং" (b) Government Servants in Superior Service" ও বাতিল করা হয়।

**ব্যাখ্যা ঃ (২) ঃ** কর্মকালীন সময় বলিতে বি, এস, আর ১ম খণ্ড-এর ৫ (১৭) নং বিধিতে সংজ্ঞায়িত সময়কে বুঝাইবে। উল্লেখ্য যে, সাধারণত ঃ ভোগকৃত ছুটিকালীন সময়কে ছুটির হিসাবের জন্য কর্মকালীন সময় হিসাবে ধরা হয় না। তবে ছুটি হিসাবের জন্য শুধুমাত্র নৈমিত্তিক ছুটি ও সংগ নিরোধ ছুটি কালীন সময়কে কর্মকালীন সময় হিসাবে গণ্য করা হয়।

**ব্যাখ্যা (৩) ঃ** কর্মকালীন সময়ের প্রতি এগার দিনে একদিন হিসাবে গড় বেতনে ছুটি অর্জিত হয়। এই হারে অতিবাহিত কর্মকালীন সময়ে যে ছুটি অর্জিত হয় উহার মধ্য হইতে সর্বাধিক চারি 'মাস ছুটির হিসাব ফরমের' ৭ নং কলামে জমা হইবে এবং বাকী ছুটি ৮ নং কলামে জমা হইবে। একজন কর্মচারী একবারে ৭ নং কলামে জমাকৃত সমুদয় ছুটি অর্থাৎ চারিমাস ভোগ করিতে পারিবেন। ৮ নং কলামে জমাকৃত ছুটি একজন সরকারী কর্মচারী কেবলমাত্র চিকিৎসাগত কারণে অথবা বাংলাদেশ, বার্মা, শ্রীলংকা ও ভারতের বাহিরে শিক্ষা, তীর্থযাত্রা এবং শ্রান্তি ও বিনোদনের উদ্দেশ্যে ছয় মাস পর্যন্ত ভোগ করিতে পারিবেন।

**ব্যাখ্যা (৪) ঃ** কর্মকালীন সময়ের প্রতি বারো দিনে একদিন হিসাবে অর্ধ গড় বেতন ছুটি প্রাপ্য হইবে।

**ব্যাখ্যা (৫) ঃ** অর্ধ গড় বেতনে জমাকৃত ছুটিকে শুধুমাত্র চিকিৎসাগত কারণে ছুটির প্রয়োজনে গড় বেতনের ছুটিতে রূপান্তর করা যায়। আর এই রূপান্তর দুই দিনে অর্ধ গড় বেতনের ছুটির সমান একদিনের গড় বেতনে ছুটি এই হারে হয়। অর্থাৎ কোন কর্মচারীর এক বৎসর অর্ধ গড় বেতনে ছুটি অর্জিত হইলে উহার বিনিময়ে তিনি ছয়মাসের গড় বেতনের ছুটি পাইতে পারেন। চিকিৎসাগত কারণে এই রূপান্তরের সর্বোচ্চ সীমা গড় বেতনে বার মাস। অর্থাৎ সর্বোচ্চ চব্বিশ মাসের অর্ধ গড় বেতনের ছুটিকে বার মাসের গড় বেতনের ছুটিতে রূপান্তর করা যায়। অবসর প্রস্তুতি ছুটির ক্ষেত্রেও এই রূপান্তর করা যায়। অন্যান্য ক্ষেত্রে কেহ অর্ধ গড় বেতনে ছুটি লইলে ছুটি কালীন সময়ে মূল বেতনের অর্ধ হারে ছুটি কালীন বেতন প্রাপ্য হইবেন।

ব্যাখ্যা (৬) ঃ অস্থায়ী সরকারী চাকুরির মেয়াদ অনবিচ্ছিন্নভাবে তিন বৎসর পূর্ণ হইলে তিনি স্থায়ী কর্মচারীর অনুরূপভাবে ছুটি প্রাপ্য হন এবং তাঁহার চাকুরিতে যোগদানের তারিখ হইতেই উহা গণনা করিতে হইবে। আর চাকুরির মেয়াদ তিন বৎসর পূর্ণ হইবার পূর্বে ছুটি অর্জনের বিষয়ে পৃথকভাবে কোন বিধান না থাকার কারণে উক্ত সময়েও শুধুমাত্র বিশেষ ক্ষেত্রে একই হারে অর্থাৎ গড় বেতনে $\frac{১}{১১}$ হারে এবং অর্ধ গড় বেতনে $\frac{১}{১২}$ হারে ছুটি ভোগের অনুমতি দেওয়া হইয়া থাকে।

## ৪। বর্তমানে প্রাপ্য ছুটিতে ভবিষ্যৎ অগ্রায়ন (ক্যারি ফরওয়ার্ড)

(এ) যে সরকারী কর্মচারী এই ছুটি বিধি মানিয়া লইয়াছেন তাঁহার ১লা জুলাই ১৯৫৯ তারিখে প্রাপ্য পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি ভবিষ্যতে অগ্রায়িত হইবে এবং পুনঃ সঞ্চিত হইবে।

(বি) যেদিন তিনি সরকারী চাকরীতে যোগদান করিয়াছেন ঐ দিন হইতে কোন সরকারী কর্মচারীর ছুটির খতিয়ানের ৩ (১) (iii) বিধি মোতাবেক অর্ধ বেতনে ছুটি সঞ্চিত হইতে থাকিবে। তবে উহা হইতে তিনি যে পরিমাণ ছুটি চিকিৎসা প্রত্যয়নপত্র সাপেক্ষে অথবা ছাড়া ভোগ করিয়াছেন তাহা বাদ যাইবে।

## ৫। যে ছুটি পাওনা নাই

(১) অবসর পূর্ব ছুটি ব্যতিরেকে সমস্ত চাকুরীকালে চিকিৎসা প্রত্যয়নপত্র সাপেক্ষে সর্বোচ্চ ১২ (বার) মাস অথবা চিকিৎসা প্রত্যয়নপত্র ব্যতিরেকে সমগ্র চাকুরীকালে তিন মাস পর্যন্ত অর্ধ গড় বেতনে ছুটি কোন সরকারী কর্মচারীকে মঞ্জুর করা যাইতে পারে।

(২) যদি কোন স্থায়ী সরকারী কর্মচারী অপ্রাপ্য ছুটি ভোগ করিয়া কাজে যোগদান করেন, তবে অপ্রাপ্য ছুটির সমান যতদিন পর্যন্ত তাহার কর্তব্য কর্ম দ্বারা অর্জিত না হয় ততদিন পর্যন্ত তাহার ছুটির খতিয়ানে ছুটি যোগ হইবে না।

*নোট ঃ এই বিধির ক্লজ- ২-এর আওতায় অর্জিত ছুটি বলিতে ৩ (১) বিধি মোতাবেক অর্জিত ছুটি বুঝাইবে এবং গড় বেতনের ছুটির সহিত উহার কোন সম্পর্ক নাই।*

ব্যাখ্যা ঃ (ক) অপ্রাপ্য ছুটি একমাত্র স্থায়ী সরকারী কর্মচারীকেই প্রদান যোগ্য। চাকুরির মেয়াদ তিন বৎসরের অধিক হইলেও কোন অস্থায়ী কর্মচারীকে এই ছুটি প্রদান করা যায় না।

(খ) এই ছুটি গড় বেতনে প্রদান করা যায় না। শুধুমাত্র অর্ধ গড় বেতনেই প্রদান করা যায়। অর্থাৎ এই প্রকার ছুটি কালীন সময়ে অর্ধ হারে বেতন প্রাপ্য হইবেন।